Mayor's Office of Immigrant Affairs

# যদি আমি আটক অথবা গ্রেফতার হই তাহলে কী করতে পারি ?

**মনে রাখবেন**

- আপনার **নীরব থাকার** অধিকার আছে।
- আপনার **একজন আইনজীবীর সাথে কথা বলার** অধিকার আছে।
- আইনজীবীর সাথে কথা বলার আগে আপনাকে **কোনো কাগজে স্বাক্ষর করতে** বা **কোনো প্রশ্নের উত্তর দিতে হবে না**।

ICE-এর সাথে যেকোনো কথোপকথন বা আপনাকে দেওয়া যেকোনো অ্যাপয়েন্টমেন্ট বা শুনানির জন্য **দোভাষীর অনুরোধ করার অধিকার আপনার আছে**। আপনি বলতে পারেন,**"I need an interpreter"** (**আমার একজন দোভাষী দরকার**)

আপনি আটক হলে আপনার পরিবার, বন্ধুবান্ধব, সমাজের নেতা বা আইনজীবীকে **ফোন করার সুযোগ পাবেন**।

আপনার **স্বাস্থ্যগত কোনও সমস্যা থাকলে** বা **শিশু যত্নের ব্যবস্থা করার** প্রয়োজন হলে আপনি ICE-কে বলতে পারেন।

আটক অবস্থায় আপনি আপনার পরিবার, বন্ধু, সমাজের নেতা এবং আইনজীবীসহ **দর্শনার্থীর সাথে সাক্ষাৎ করতে পারবেন।** মনে রাখবেন যে **প্রতিটি জেলের নিজস্ব নিয়ম-কানুন রয়েছে** যা দর্শনার্থীদের আগে থেকেই পর্যালোচনা করতে হবে ।

- যদি ICE কর্মকর্তারা আপনার সাথে কথা বলার বা গ্রেফতার করার চেষ্টা করে তাহলে রেকর্ড করা শুরু করা বা চালিয়ে যাওয়া আপনাকে ঝুঁকিতে ফেলতে পারে।
- তবে, ICE-এর এই পদক্ষেপ **সমাজের লোকেরা রেকর্ড করতে পারে,** যতক্ষণ পর্যন্ত না তারা কর্মকর্তাদের কাজে হস্তক্ষেপ করছে।
- আপনি অথবা আপনাকে গ্রেফতার করার ঘটনাটি দেখেছেন এমন কেউ আপনার আইনজীবীর সাথে গ্রেফতারের বিষয়ে যেকোনো অডিও, ভিডিও বা লিখিত নোট শেয়ার করতে পারেন।

এই পুস্তিকাটি শুধু সাধারণ তথ্য দেয়। এটা আইনি পরামর্শ নয়। আইনি পরামর্শের জন্য একজন অ্যাটর্নির সাথে পরামর্শ করুন।

Mayor's Office of Immigrant Affairs

# যদি আমি আটক অথবা গ্রেফতার হই তাহলে কী করতে পারি ?

## যদি আপনার বা আপনার প্রিয়জনের নির্বাসনের ঝুঁকি থাকে তাহলে:

আপনার সব **কাগজপত্র গুছিয়ে রাখুন** এবং একটি নিরাপদ স্থানে রাখুন যাতে জরুরি পরিস্থিতিতে আপনার পক্ষে যোগাযোগকারী ব্যক্তি সেগুলি সহজেই পেতে পারে।

**জরুরি যোগাযোগের জন্য কাউকে ঠিক করে রাখুন এবং তার ফোন নম্বর মুখস্থ করুন।** জরুরি যোগাযোগকারী ব্যক্তি হতে পারে আপনার বিশ্বস্ত কেউ -পরিবারের একজন সদস্য, বন্ধু, সমাজের নেতা বা একজন আইনজীবী।

**একজন বিকল্প অভিভাবক ঠিক করে রাখুন: আপনি আটক থাকলে আপনার সন্তানের যত্ন নেওয়ার জন্য আপনি বিশ্বাস করেন এমন কেউ।** শিশুর যত্নের ক্ষেত্রে চিকিৎসা সংক্রান্ত গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত এবং শিশুটি কোন স্কুলে যাবে সে সম্পর্কে সিদ্ধান্তসহ সব গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা বিকল্প অভিভাবকদের রয়েছে।

**আপনার আইনি বিকল্পগুলি অন্বেষণ করুন। একজন বিশ্বস্ত আইনজীবীর সাথে কথা বলুন এবং জালিয়াতি এড়ান।**

**MOIA অভিবাসন আইনি সহায়তা হটলাইন। দোভাষী সুবিধা পাওয়া যাবে।**

## 1-800-354-0365

**সোমবার থেকে শুক্রবার, সকাল 9টা থেকে সন্ধ্যা 6টা পর্যন্ত**

**মনে রাখবেন:**

- অভিবাসন আইন জটিল। মিথ্যা প্রতিশ্রুতি দানকারী আইনি জালিয়াতি বা অভিবাসন আইনি স্ক্যাম থেকে সতর্ক থাকুন।
- একজন পাবলিক নোটারি যিনি লাইসেন্সপ্রাপ্ত আইনজীবী নন তিনি আপনার পক্ষে অভিবাসন ফরম পূরণ বা ফাইল করতে পারবেন না। তাদের আপনাকে আইনি পরামর্শও দেওয়া উচিত নয়।

এই পুস্তিকাটি শুধু সাধারণ তথ্য দেয়। এটা আইনি পরামর্শ নয়। আইনি পরামর্শের জন্য একজন অ্যাটর্নির সাথে পরামর্শ করুন